



চৌরঙ্গী

CHOWRONGEE 2018



১৭তম

17th Annual Magazine



The Bengali Association of Greater Sacramento, California

MADHUBANTI and DIPAYAN UTSAV PRESENTS

A Mega Musical Evening

featuring

**Madhubanti and
Dipayan**

Durga Puja 2018
Oct 13th, 9.30PM
Orangevale Community
Center

coming to US
this Durga Puja

enjoy at your nearest Puja venue



সৃচিপত্র/ Contents

Utsav Literary Committee and Disclaimer	2
সম্পাদকীয় / Editorial	3
Utsav Committee Members	4
Message from the Utsav Boardroom	5
Utsav Accounts	6
Program Schedule	7
Community News	8
Utsav Award Winnners	12

চিত্রকলা/ Drawings

Drawing	Akansha Majumdar	14
Drawing	Ishaan Majumdar	14
Drawing	Kritika Das / Rishan Dey	15
Drawing	Ishita Mukherjee	16
Drawing	Ananya Datta Mitra	17

কবিতা/ Poems

নিশীথ রাণী / মরুপ্রান্তর	বুলু খাটুয়া	19
বাংলা / এলোমেলো	অম্লান রায়	20
এখন বসন্ত / মৃত্যুহীন	অরুণ চন্দ্র	21
অগ্নিবৃত্ত	তপতী রায়	22
দহনবেলা / নদী	তন্দ্রা ব্যানার্জী	22
মানুষ / নদী / চা	আরতি পালিত	23
Love	Sibaprasad Raychaudhuri	24

প্রবন্ধ/ Articles

আমার বাবা	মঞ্জু রায়চৌধুরী	27
ভায়রা- ভাই	গৌতম সরকার	30
বাঙালীখানা	রশ্মি নন্দী	33
My Lake House Trip	Mahika A. Chowdhury	35
My Trip to London and Paris	Evani Paul	37
An Amazing Trip to Agra and Delhi	Nirvik Basuroy	40
An Overnight Field Trip	Sid Dey	43
"Your Attention Please. We are Starting our Descent..."	Shampa Sarkar	45
Nuclear Fission Versus Fusion	Barin Kumar	47
October is Hindu Appreciation Month	Anonymous	50
The Importance of Parenting	Patricia Chatterjee	53
33G Notebook	Biswanath Mukherjee	54
Puja Time Journey to Gangotri	Shyamal Roy	59
Be God Before Worshipping God	Swami Ishadhyanananda	61
Brief History of Utsav		64
Utsav Membership Roster		67
In Memorium – Professor Prodyot Bhattacharya		70
In Memorium – Amita Kar		71

Literary Committee

**Anupam Mitra
Biswanath Mukherjee
Somen Nandi
Mainak Banga
Manas Ray
Rajat Saha
Rashmi Nandi (Editor)**

Cover designed by **Santana Das**

Since 2008, Chowrongee is online and can be accessed at <https://utsavsac.org/magazine/>

Disclaimer


The views and opinions of authors in this magazine do not necessarily state or reflect those of Utsav, Inc. For writings published in this magazine, Utsav does not warrant or assume any legal liability and responsibility for accuracy, completeness and usefulness of any information disclosed and/or published. Information provided is accurate as of the date of going to press; Utsav or Chowrongee is not responsible for any errors or omissions. Opinions expressed are those of individual authors. Advertisers are solely responsible for the advertisements, not Chowrongee or Utsav.

**Utsav Inc.
11230 Gold Express Drive
P.O. Box 310-412
Gold River, CA 95670
www.utsavsac.org**

Chowrongee is published annually for Utsav members by Utsav, Inc., Sacramento, CA, USA
(www.utsavsac.org)

Printed at: J. Prassa Printers, 2313 C Street, Sacramento, CA 95816
Phone: (916) 446-7865; <http://www.jpprinting.net>

Postmaster: If undelivered, please return to Utsav Inc., 11230 Gold Express Drive, P.O. Box 310-412, Gold River, CA 95670.



সম্পাদকীয়

Editorial

দেখতে দেখতে বছর ঘুরে গেলো, চৌরঙ্গীর ও বয়স আরো এক ধাপ এগিয়ে গেলো। স্নিগ্ধ শরতের আকাশে বাতাসে পূজো পূজো গন্ধ কলকাতা থেকে ক্যালিফোর্নিয়া অন্ধি, আসুন সকলে মিলে করে তুলি দেবীর আবির্ভাবকে সার্থক ও সুন্দর। গণেশ পূজো থেকেই শুভ সূচনা ঘটে আর মহালয়া মানেই তো সাজো সাজো রব। এই ভাবেই সাদা মেঘের ভেলা, শিউলির দল ও কাশগুচ্ছ আমন্ত্রণ জানায় মঙ্গলময়ীকে। শারোদৎসব মানেই রঙিন দিন, ভিন্ন স্বাদের অনুষ্ঠান, ফ্যাশন পর্ব, বাহারে সাজ, ভুরিভোজ, নতুন গানের আবির্ভাব ও রংবেরং পত্রিকার আত্মপ্রকাশ। চৌরঙ্গীও উৎসবের নানা আঙ্গিকের মধ্যে নিজস্ব পরিচয় গড়ে তুলেছে, চৌরঙ্গীর ঐতিহ্যের শরিক হোন, পড়ুন ও পড়ান আপনাদের প্রিয়জনকে। এবারের শারদডালি আমরা সাজিয়েছি নানা স্বাদের সম্ভারে, নবীন থেকে প্রবীণ - সবার লেখা পাবেন, কৃতি সদস্যদের অভিনন্দন জানান, নতুন বন্ধুদের সুস্বাগতম। আশাকরি আমাদের এই প্রচেষ্টা আপনাদের ভালো লাগবে।

পৃথিবীব্যাপী নানারকম সংকট, আমেরিকার দক্ষিণপূর্ব কূলে ফ্লোরেন্সের ঝাপ্টা, ক্যালিফোর্নিয়ার দাবানল, কলকাতার মাঝেরহাট ব্রিজ ভেঙে জীবনহানি - দুঃসংবাদের কোনো ইয়ত্তা নেই। উৎসব ও হারিয়েছে দুই নিকট বন্ধুকে এবছর - অমিতা কর ও প্রদ্যোৎ ভট্টাচার্য। ওনাদের পরিবারবর্গকে আমাদের আন্তরিক সমবেদনা।

আপনার আমার নিজের পূজো, ভুল-ত্রুটি ক্ষমা করবেন। সম্পাদকমণ্ডলীর সকল সদস্যকে আমার বিনম্র শ্রদ্ধা ও ধন্যবাদ। পৃষ্ঠপোষক, শুভাকাঙ্ক্ষী ও সদস্যদের শারদোৎসবের নমস্কার ও শুভেচ্ছা জানিয়ে ইতি টানছি, সকলের জীবনে পরিপূর্ণতার আলো ও সমৃদ্ধি আসুক।

ধন্যবাদ।

রশ্মি নন্দী

Welcome to Utsav's exciting 2018 Durga Pujo celebration! I'm humbled and thrilled to write the Editorial for Chowrongee's 17th edition. Together with your dedication, perseverance, energy, and talent, we have come across a long way, and we continue to count on you to reach an important milestone of 20 years down the road! I would like to thank each and everyone of Utsav family whose creativity has given new dimension to Chowrongee. You have led us to where we are today, and we are convinced that the future is bright for Chowrongee in upcoming years.

Don't just leaf through Chowrongee's pages; take your time to read the wonderful community news, articles and poems; and appreciate the colorful drawings by our li'l artists and you will be amazed. Salute to the award winners, heartiest congratulations to college-bound students and other achievers: your hard works have very well paid off. We lost two of our close friends this year – Amita Kar and Prodyot Bhattacharya; our sincere condolences to the bereaved families.

We could not have put up a two-day event without patrons and sponsors, so your contributions have not gone unnoticed. Thank you. I'm proud to share how much passion and commitment each member of the Literary Committee holds; two families have welcomed newborns but I have not seen any gap in their diligence. Congratulations parents! Thanks to Santana Das once again for her gorgeous art work on the cover page. Kamalesh Sengupta is indispensable to Utsav, as he has been instrumental in typing our Bengali pieces from scratch.

Despite being mentioned at the end, natural disasters around the world are occurring at an alarming rate; typhoons, hurricanes, wildfires, earthquakes, etc. Please keep the affected in your thoughts, and support the organizations who are providing critical relief to those impacted. Stay safe and be well.

Pujo Greetings to you all!

Rashmi Nandi

Utsav Committee Members

Governing Body Members (GBM):

Rajat Saha (President)
Saumen Dey (Vice President)
Anima Kumar (Treasurer)
Tanushree Ganguly (Cultural Secretary)
Joydeep Ray (Public Relations)

Community Council Members (CCM) and Election Committee:

Adi Choudri
Biswanath Mukherjee
Somen Nandi

Literary Committee:

Anupam Mitra
Biswanath Mukherjee
Somen Nandi
Mainak Banga
Manas Ray
Rajat Saha
Rashmi Nandi (Editor)

Cultural Committee:

Tanushree Ganguly (Lead)
Joydeep Ray
Joya Banerjee
Sanhita Bandyopadhyay
Suvra Mukherjee
Mala Paul

Puja Committee:

Anima Kumar (Lead)
Santana Das
Mitra Choudri
Rupa Chowdhury
Seema Chanda
Soma Nayak
Paramita Bhattacharya

Registration Committee:

Prodosh Chakraborty (Lead)

Adi Choudri
Biswanath Mukherjee
Manas Ray
Barin Kumar
Subhra Gima

Website Committee:

Joydeep Ray (Lead)
Rajat Saha
Siddhartha (Neil) Ray

Utsav Youth Group:

Sharod Nandi
Dayita Biswas
Ena Nayak
Viru Joshi
Sayak Datta
Siddhartha Dey
Ronit Mukherjee
Rupa Chowdhury (Lead)
Sangita Biswas (Lead)

Food Committee:

Saumen Dey (Lead)
Sanjib Nayak
Subir Sarkar
Joy Mukherjee
Pradosh Chakraborty
Barun Bandyopadhyay
Somen Nandi
Soumya Mallick
Shomeek Paul
Somnath Ganguly

Welcome Committee

Mitra Choudri (Lead)
Sharmila Mallick – Roseville/Rocklin
Supriya Mukherjee – Davis/UC Davis
Lily Sarkar – Folsom
Sanchita Dey (Soma) – Elk Grove
Suvra Mukherjee – Rancho Cordova

Message from the Utsav Boardroom

Dear Utsav Families and Friends,

Namaskar! Hope you all are in good health and geared up for the most eventful part of the year which all Bengalis around the globe look forward to – Durga Puja. At Utsav, the oldest Bengali organization in the Greater Sacramento area, we are celebrating our 17th Durga Puja, and preparations for this event are going on in full swing for the past several months.

A quick recap of our activities over the past year is in order. We observed Saraswati Puja on January 27, 2018, at the Orangevale Community Center. Excellent entertainment was provided by our local artists.

Utsav celebrated Holi on March 10, 2018, at Spoto Creek Park of Rancho Cordova. This colorful and fun-filled event coupled with mouthwatering food (cooked on-the-spot by Utsav's young members from UC Davis) attracted many non-member participants as well.

Our Annual General Meeting-cum-Picnic, was on August 5, 2018, at Folsom Lake Beals Point; it was also an enjoyable event with fun, water activities, and food.

And now we are eagerly awaiting Ma Durga's arrival for Utsav's 17th Durga Puja. Our local talents – natok team, kids and adults – are working hard to dazzle us with their performances. Utsav natok enthusiasts have been practicing hard over the past few months to give you a glimpse of what happens in a “prabasi Durga Puja” through their in-house production “**Live from Banglerville.**” You don't want to miss it!

We are also looking forward to enjoy the performance of **Madhubanti and Dipayan**, the famous Bengali singers from Kolkata, with live bands on Saturday (October 13, 2018) evening. Note that all these programs are free for Utsav members.

Utsav has a long tradition of supporting and organizing fundraising activities for charitable and other community enhancement purposes, and this year was no exception. Utsav's youth volunteer, Ena Nayak, did a fundraising for the flood victims of Texas and Kolkata. Another Utsav youth volunteer, Sayak Datta, did a fundraising program for the Shankara Eye Foundation. Utsav is very proud of them, and will continue to support such initiatives.

It would be very remiss if we did not offer our sincere thanks to those volunteers whose tireless work year round has made all these events possible. A very special thank you goes out to all our donors and sponsors. Without your support, we would not have been able to pull off our events. Thank you once more, and on behalf of the GBM, I wish you a healthy, prosperous, and peaceful Durga Puja and “Subho Bijoya”.

Rajat Saha
President, Utsav 2017-18

Governing Body Members (GBM):

Rajat Saha (President)
Saumen Dey (Vice President)
Anima Kumar (Treasurer)
Tanushree Ganguly (Cultural Secretary)
Joydeep Ray (Public Relations)

Utsav Accounts*

July 2017– June 2018

Balance Savings from 2016-2017(Incl. \$3110 from Savings)	Amount	Amount
	\$9455	\$9,445
Revenues		
Membership Fees (Durga Pujo 2017)	\$27995	
Cash & Ticket+Book Sales (Pujo 2017)	\$3187	
Holi 2018	\$0	
Saraswati Pujo 2018	\$620	
Total		\$31,802
	Total Revenues	\$41,257
Expenses		
Utsav Website Renewal	\$403	
Insurance for 2017-2018	\$568	
Gold River Storage Rental Fee(2017-18)	\$1,320	
Mail Box UPS(4/18-4/20)	\$652	
RRF payment	\$125	
Durga Puja 2017:		\$3,068
Hall Rental (Orangevale Community Center)	\$6240	
Transport & Set Up	\$475	
Magazine Printing	\$808	
Pujo Proshad Expense(\$450 sponsored by member)	\$138	
Priest Officiation & Travel Expenses	\$831	
Food	\$3,644	
Sound & Audio (DJ Sneha)	\$2300	
External Artist & Props (Natok)	\$4554	
Kitchen Help	\$1156	
STL	\$325	
		\$20,471
Saraswati Puja 2018:		
Hall Rental (Orangevale Community Center)	\$1,464	
Transport & Set up	\$225	
Priest Donations (Vedanta Society)	\$200	
Food Expense	\$889	
Kitchen Help & Clean Up	\$391	
DJ & Stage Rental	\$585	
Pujo Prosad	\$191	\$3,945
Holi 2018 – Park Rental, Food, Clean Up	\$1,325	\$1,325
Annual General Meeting-cum-Picnic 2018	\$578	\$578
	Total Expenses	\$29,387
	Net Balance 2017-2018	\$11,870

*To be audited



Program Schedule* for 17th Durga Puja, 2018

Saturday October 13, 2018

Registration	9:00 AM onwards
Durga Puja (Shaptami and Mahastami)	9:30 – 11:30 AM
Anjali	11:30 AM
Arati and Bhog	12:00 – 12:30 PM
Prasad	12:30 PM
Lunch	1:00 – 2:30 PM
Sandhya Arati, Chandipath and Dhunoochi Dance	6:00 – 7:00 PM
Cultural Program	
Bangla Natok – Lagey Raho TV: Live from Banglaville	7:00 – 8:30 PM
Dinner	8:30 – 9:30 PM
Performance by Madhubanti and Dipayan	9:30 – 11:30 PM

Sunday October 14, 2018

Durga Puja (Nabami and Bijoya Dashami)	10:30 AM
Anjali	12:00 – 12:30 PM
Prasad	12:30 – 1:00 PM
Shanti Jol, Bishorjon, Sindoor Khela	12:30 – 1:00 PM
Lunch	1:00 – 2:30 PM
Award Ceremony	2:30 – 3:00 PM
Cultural Program - Utsav Got Talent	3:00 – 6:00 PM
Wrap Up	6:00 – 7:00 PM

*Subject to change

Community News

Dr. Abhishek Gupta received his PhD Degree from the Department of Computer Science at University of California, Davis, in June 2018. His PhD Dissertation is entitled *Minimizing Operating Expenditure of Cloud and Communication Networks using Virtualization Technologies*. Since then, he has been working as a Member of Technical Staff at Amobee Inc. in Redwood City, CA.



Congratulations to Anima and Barin Kumar, founding members of Utsav, for having a granddaughter, **Samina**. She is the daughter of Soma Kumar and Eric Luedke and was born on October 29, 2017 in San Diego, California.

Anish Adoni, son of Anand Adoni and Subhra Chakraborty, graduated from Folsom High School as a valedictorian and a National Merit Scholar. He is attending College of Engineering at UC Berkeley as Electrical Engineering and Computer Science (EECS) major. He aspires to be an entrepreneur specializing in Artificial Intelligence and Machine Learning.



Archita Bhattacharya, daughter of Paramita and Anirban Bhattacharya, graduated from Oak Ridge High School in El Dorado Hills and has joined University of California, Berkeley to pursue a major in Electrical Engineering and Computer Science (EECS). We wish her all the success for her undergraduate studies and beyond.


Ananya and Anupam Mitra introduce their little bundle of joy- Anaisha (Mishti) Mitra, born on July 1, 2018.



***Khounish Sharma**, eldest son of Ashrukana and Kingshuk Sharma will be attending University of Southern California (USC) pursuing a major in Biology as Pre-Med. He has been chosen as a Presidential Scholar and selected for Freshman Honors College at USC. He graduated from Mira Loma High School with an International Baccalaureate Full Diploma in June 2018. We wish him all the success in his studies and life.*



***Sandipan Datta** tied the wedding knot with **Behnaz Hekmat** at Sacramento Laxminarayan Temple on July 29, 2018, in accordance to the Bengali ritual. The ceremony was officiated by our dear Ramendranath Chakraborti. The wedding was well attended by family and friends of both bride and groom.*



***Dr. Aveek Das** received his PhD Degree from the Department of Computer Science at University of California, Davis, in June 2018. His PhD Dissertation is entitled Context-Aware Information Mining for Wireless Networks. Since then, he has been working at ForeScout Technologies in San Jose, CA.*



Sharod Nandi, son of Rashmi and Somen Nandi, 11th grader, has been awarded with STEM Fellowship for High School students by the United States Department of Defense (DoD). Department of Threat Reduction Agency (DTRA) together with Joint Science and Technology Institute (JSTI) provided a two-week hands-on science research and engineering training to promising students from throughout the United States and DoDEA schools from around the world in Washington DC area from July 21 through August 3, 2018.

Shimika Basuroy, daughter of Sudeshna and Nirupom Basuroy, graduated from Folsom High School in May 2018. Starting Fall 2018, Shimika is attending University of California, San Diego, intending to major in Cognitive Science.



Sneha Banerjee, daughter of Sunanda and Barun Bandyopadhyay, graduated from Mira Loma High School at the age of 17. She graduated with a full IB diploma and has held several posts. She was the President of stem cell research and has also been a National Honor student. She was among the first 10 in the state for forensic medicine. Sneha ran cross country and stood 2nd and 3rd positions in 200 m and 400 m events, respectively, in the district. She also played basketball and got awards for it. She has made all of us very proud! Sneha is going to UC Davis for Biological Sciences and wants to pursue a career in Medicine.



***Samara Saquib**, daughter of Lubna and Najmus Saquib, graduated from Oakridge High School, El Dorado Hills, and has joined Purdue University, West Lafayette, Indiana, with a goal for her undergraduate studies in Computer Science starting Fall 2018. We wish her all the success in her studies in life.*



*Congratulations to Ananya Nandi and Rajat Saha on the birth of their second child, **Ivaan Saha**, on September 1, 2018.*

Utsav Award Winners (2003-2017)

Utsav gratefully acknowledges the winners of Utsav Awards in past years.

Cultural Award

2003: Somen Nandi
2004: Shyamal Chattaraj
2005: Nabanita Sen
2006: Shashwati Roy
2007: Sharmila Mukherjee
2008: Marvel Gima
2009: Joydeep Roy
2010: Mala Paul
2011: Tuhina Ghosal and Sanjib Sarkar
2012: Ajay Joshi
2013: Bipasha Chowdhury and Rajat Saha
2014: Joydeep Ray and Snehungsu Guha
2015: Sanhita Bandyopadhyay
2016: Tanushree Ganguly
2017: Suvra Mukherjee

Literary (and Educational) Award

2003: Arijit Chatterjee
2004: Arun Das
2005: Dilip Roychowdhury
2006: Rashmi Nandi and Pat Chatterjee
2007: Santana Das
2008: Manas Ray
2009: Rashmi Nandi
2010: Manas Ray
2011: Tapati Bhowmik
2012: Prodyot Bhattacharya
2013: Avishek Nag
2014: Shimika Basuroy
2015: Manju Roychoudhury
2016: Barin Kumar
2017: Tapati Ray

Fundraising Award

2003: Udayan Chanda
2004: Deb Saha
2005: Anita Ghoshal
2006: Somen Nandi
2007: Deb Saha
2008: Anima Kumar

2009: Ajay Joshi
2010: Deb Saha
2011: Anima Kumar
2012: Deb Saha
2013: Joy Mukherjee
2014: Udayan Chanda
2016: Marvel Gima
2017: Sanjib Nayak

Outstanding Volunteer Award

2003: Suvayu Bose
2004: Shashwati Roy and Mala Paul
2005: Santana Das
2006: Joy Mukherjee
2007: Seema Chanda
2008: Rupa Chowdhury and Koushik Das
2009: Subir Sarkar
2010: Anima Kumar and Rashmi Nandi
2011: Koushik Das and Arun Chowdhury
2012: Biswanath Mukherjee
2013: Mitra Choudri and Pulak Chowdhury
2014: Subir Sarkar
2015: Shomeek Paul
2016: Prodosh Chakraborty
2017: Sangita Biswas


Outstanding Youth Volunteer Award

(This award was initiated in 2004)

2004: Joey Chakraborty
2005: Mohana Roy
2006: Natasha Choudri
2007: Aninda Chowdhury
2008: Robby Chakraborty
2009: Arunav Sarkar
2010: Rudrani Ghosh
2011: Sunoy Nandi and Sharod Nandi
2012: Sunoy Nandi and Sharod Nandi
2013: Neel Chanda
2014: Avishek Umesh Jadhav
2015: Ayan Chowdhury

চিত্রকলা *Drawings*





Akansha Majumdar is a 6th grader at Westlake Charter School, Sacramento, CA.



Ishaan Majumdar is a 3rd grader at Star Academy Natomas Charter School, Sacramento, CA.



Kritika (Mia) Das, 7 years old, is a 2nd grader in Empire Oaks Elementary School, Folsom, CA.



Rishan Dey, 4 years old, is at Pre-Kindergarten, Little Blossom Montessori School, Sacramento, CA.




Painting by **Ishita Mukherjee**, who lives in Rancho Cordova and works at xFusion Technologies, Inc.



*Painting by Dr. **Ananya Datta Mitra**, who is PGY-4 resident in the Department of Pathology and Laboratory Medicine, University of California, Davis, School of Medicine, Sacramento, CA.*

কবিতা

Poems



নিশীথ রাণী

বুলু খাটুয়া

তুমি "লাস ভেগাস"
দিবালোকে নিদ্রা যাও
রাতের বেলায় জেগে থাকো
তাই তো তুমি "নিশীথ রাণী"
হাতছানি দিয়ে পথিক ডাকো।
হাজার বাতির রঙিন আলোর
নেশায় তুমি মেতে থাকো
পথিকের কাছে টেনে
রূপের নেশায় ভুলিয়ে রাখো।
ভোগের শেষে কড়ি দিয়ে
পথিক যখন চলে যাই
স্মৃতি হয়েই থাকো তুমি
তাতে কি আর এসে যায়?
প্রতিদিনই নতুন করে
নতুনের কাছে পাও
আসা যাওয়ার পথিকেরে
খুশিতে মন ভরিয়ে দাও ॥

মরুপ্রান্তর

বুলু খাটুয়া

"লাস ভেগাস" কে বলে তোমায়
মরুপ্রান্তর?
কে বলে তোমায় শুষ্ক এক
মরুভূমি?
পাহাড়ে ঘেরা, ফুলে-ফলে ভরা
তুমি তো অপূর্ব এক উর্বর ভূমি।
দেখি যত চেয়ে
সবুজ আছে ছেয়ে
এতো সুন্দর, এতো মনোহর তুমি!
কে বলে তোমায় মরুপ্রান্তর
শুষ্ক এক মরুভূমি?



বুলু খাটুয়া কবি, সমাজসেবী ও ভ্রমণপিপাসু। লাস ভেগাসের দুটি ভিন্ন রূপ উদ্ভাসিত হয়েছে তার কলমে।

বাংলা

অম্লান রায়

বাংলার মাটি, বাংলার জলা
বাংলায় আছে অ্যালকোহল।
পশ্চিম যবে খুলেছিলো দ্বার
সেথা হতে আসে জনি ওয়াকার।
কোথায় গন্ধ, কোথায় ঝাঁঝ
রূপসী বাংলা বধূর সাজ।
পাগলা হাওয়ার বাদল দিনে
শ্রমিক কৃষক বাংলা কেনে
বিদ্বদজন আত্মভোলা
নবান্ন আজ খালাসিটোলা।
তবুও বাংলা বিশ্বময়।
ঢালুন একটু বলুন হয়।



এলোমেলো

অম্লান রায়

আমি রামকানাই
তুমি যামিনী।
একই পাড়ায় থাকি
আগে কেন দেখিনি?
দুলালের তালমিছরি
আলালের ঘরে।

দু হণ্ডা বিছানায়
ভাইরাল জুরে।
মহেন্দ্র ছাতা হারায়
কে সি পালের বাড়িতে।
লোকনাথের ফ্র্যাঞ্চাইজি
অলিতে ও গলিতে।
ন্যাড়া আছে বেলভিউয়ে
বেল পড়েছে মাথায়
বেলতলাতে ফ্ল্যাট কিনেছে
প্রোমোটোরির টাকায়।
নীললোহিত চাকরি করে
সেক্টর ফাইভে
সুনীল বাঁচিয়া নাই
কি করিয়া খাইবে?
অবনী বাড়িই আছে
ঠেকে যাওয়া বন্ধ
জনি ওয়াকারে আজ
মা মাটির গন্ধ।
বলেন পরমহংস
কথা এখন মৃত
দেখিলে পরমসুখ
পাইলে আপ্লুত।
একই বৃন্তে দুটি ফুল
ম্যানুফ্যাকচারের ভুলে
কে সি দাসের ব্লাড সুগার
দৌড়ায় সকালে।
রাজুর গেঞ্জি নেই
খালি গায়ে ঘোরে
এ গরমে ফ্যান নেই
উষাদের ঘরে।
অঞ্জলি জুয়েলার
বিজলী গ্রীল
পুজোয় নতুন জুতো
খড়মেতে হীল।

অম্লান রায় কলকাতা নিবাসী, অবসরপ্রাপ্ত চিত্রশিল্পক। এখন সাহিত্য সাধনায় লিপ্ত।

এখন বসন্ত

অরুণ চন্দ্র

বসন্তে কিসের বিলাপ
চারপাশে জ্বলছে অশোক পলাশ
কৃষ্ণচূড়ার গায়ে সৈঁধিয়ে রাধাচূড়া
শরীরে প্রাণঘাতী কাঁটা নিয়েও ডাকছে শিমূল -
এমন মায়াবী রাতে চাঁদ ওঠে।

কখনো বজ্রনির্ঘোষ আসে
ঘুমন্ত চোখও খুলে যায়
আশা দেয় লক্ষ্যভেদে

শক্তি নামে মেরুদণ্ডে -
কমলা পাহাড় আর অরণ্যে মিটিমিটি আলো জ্বলে
কচি পাতাগুলো ডালে ডালে দোল খায়
পাখির ডানায় নাচে সমুদ্র-ঢেউ
ঘরের আনাচে কানাচে কচি কচি কোলাহল
মাঠে মাঠে ফুটফুটে প্রজাপতি ওড়ে
অন্ধও পথ খুঁজে নেয় হলুদ দুপুরে।

বসন্তে কিসের বিলাপ
কেন এই শোকগাথা?

মৃত্যুহীন

অরুণ চন্দ্র

অরণ্য পাহাড় নভ শব্দহীন
চুপি চুপি আসে ঘাতক
মৃত্যু সবচেয়ে বড় কাপুরুষ -

হঠাৎ ঝড় ওঠে বৃষ্টি আসে
হড়পা বানে ধ্বস ভূমিকম্প
স্বর্গীয় আলোয় ভরে ওঠে মরণের মুখ

জ্যোৎস্নার আলোয় স্থির চতুর্দিক
কুৎসিত কাপুরুষ উদ্ধত অস্ত্রে
অতি ক্ষুদ্র জীবের মতো আমার সম্মুখে

আমার শক্তিমান শরীর
মৃত্যুদূতের বুকে কাঁপন ধরায়
আমার সাথে লক্ষ সেনানী

প্রক্ষিপ্ত লাল আলোয়
ও এখন অন্ধ নির্বিষ
নীল সবুজ আলোর আড়ালে

মৃত্যুর কাপুরুষতা উঁকিঝুঁকি মারে
অন্তিম মারণ বিষ ছড়াতে চায়
গরল হয়ে গাল বেয়ে নামে।

অরুণ চন্দ্র বহরমপুর নিবাসী, কবি, প্রাবন্ধিক, চিত্রকলা ও ইতিহাস গবেষক, বহু সাহিত্য পুরস্কারে ভূষিত।

অগ্নিবৃত্ত

তপতী রায়

ধূসর ধোঁয়ায় আচ্ছন্ন দিগন্ত
জ্বলন্ত পৃথিবীর তপ্ত বুক
অনিচ্ছার আহুতি কত পশু পাখি

লেলিহান আগুনের স্পর্শে
গৃহহীন সর্বস্বান্ত মানুষ
অঙ্গার কণা তার প্রাণ বায়ু
আশা করে কোথাও আছে
মেঘে ঢাকা রামধনু

মায়াবিনী বর্ষা ফেরার
মর্মর শব্দে ভাঙ্গে গাছের চিতা।



তপতী রায় অবসরপ্রাপ্ত এনাস্ট্রেসিওলজিস্ট, বাংলা ও ইংরেজি দুটি ভাষায় লেখালেখি করেন, নিউক্যাসল, ক্যালিফোর্নিয়া নিবাসী।

দহনবেলা

তন্দ্রা ব্যানার্জী

জুরবিকারের ঘোরে স্বপ্ন দেখে একলা আকাশ
মেঘেরা গিয়েছে চলে সেই কবে উড়োচিঠি ফেলে
খরাপৃথিবীর বুকে আঁকিবুকি রোদের আঁচড়
জ্বলেপুড়ে যায় আজকুটোকাঠি মনরাখা কথা
পাতা উলটিয়ে দাও, তামারঙ সময় পেরিয়ে
চলো আজচোখ বুঁজে একঝাঁপে পার হয়ে যাই
ফিরে যাবো কোনো এক অলৌকিক কিশোরীবেলায়
বানভাসি বুক নিয়ে বাতাসের ভিজে হাত ধরে।

নদী

তন্দ্রা ব্যানার্জী

কীর্তিনাশা বয়ে চলে যায়
জীবনের মাঝখান দিয়ে
দুধারে চিকন বালি, সোনাগুঁড়ো
হাড় আর কড়ি ঝিকমিক
এ ঘাটে দাঁড়িয়ে দ্যাখো
সহমরণের মেয়ে একা একা
কপালে সিঁদূর আর
লাল চেলি আঁচলে আগুন
ওর চোখে এখনো রয়েছে
শুভদৃষ্টির আবছা ঘোর
বিসর্জনের প্রতিমার মতো
গর্জনতেল-মাখা চিবুকের ডৌল
কীর্তিনাশা, ঠাঁই দাও ওকে।

তন্দ্রা বন্দ্যোপাধ্যায় পেশায় গ্রাফিক ডিজাইনার, যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ও ইংরেজি ভাষায় স্নাতকোত্তর উপাধি অর্জনকারী। দুটি ভাষায় লেখালেখি করেছেন অনেক লিটল ম্যাগাজিনে, ছবিও আঁকেন এবং প্রদর্শনী করেছেন।

মানুষ

আরতি পালিত

করবো আমরা দুঃখ জয় মানব জাতির।
করবো আমরা দুঃখ জয় পশুপাখীর।
মানুষ আমরা মানুষ হয়েছি সকলের তরে,
মানুষের মত মানুষ হয়ে বাঁচব বলে।
নিজের সুখে সুখী আমরা নিজের দুঃখে দুঃখ পাই।
পরকে আপন করতে নারি পরের জন্য দুঃখ নাই।
এরই নাম কি মানুষ?
রক্তে মাংসে গড়া আমরা সকলের রক্ত লাল,
একই রক্ত সবার শরীরে মানুষ কিন্তু ভেজাল।
জাতিভেদ নিয়ে করি দ্বন্দ্ব আমরা দূরে থাকো কাছে
নাহি এস,
ব্রাহ্মণ আমি শুদ্ধ তুমি একথা মনে রেখো।
মানুষের মাঝে মানুষ আমরা, আমরা সকলের তরে
মানুষ হয়ে এসেছি ধরে মানুষ হয়ে বাঁচব বলে।

নদী

আরতি পালিত

তোমার তীরে সকলে মিলে, খেলাম মনের মতো
ভোজ,
ঘরে ফিরে তোমার আর কেউ করিনা খোঁজ।
নদী তুমি আপন মনে আপন বেগে যাও,
পিছন ফিরে কভু নাহি চাও।
এক ফোঁটা জল দিয়ে প্রাণ বাঁচাও তুমি,
গ্রাম ভাসাও শহর ভাসাও নদী মাতৃভূমি।

চা

আরতি পালিত

সকালের ঘুম ভাঙে এক কাপ চা পেলে,
রমনীর রাগ ভাঙে এক কাপ চা দিলে,
ট্রেনে উঠবার পর মরি চা তরে,
স্টেশন এলে চ্যায় গরম চ্যায় গরম করে জানালার
ধরে।
মনটা শান্তি পায় পেয়ে গেছি চা,
যত দূর ট্রেন যায় আর চিন্তা নাই।
জল চিনি চা দুধ মিশ্রণে হয় চা।
পরিমাণে ঠিক হলে চা হয় ঠিক,
পরিমাণে ভুল হলে চা হয় বেঠিক।
এক চুমুক চায়ের কি মহিমা
মনের মত চা পেলে খুঁজি তার ঠিকানা।
ছোট বড় কে না ভালবাসে চা
চায়ের মহিমা সকলকেই টানে
কাজ করার শক্তি বাড়ে মনে আর প্রাণে।
চা চা করো কেন? এস বস আহারে।
আহারের পরে চুমুক দাও এক কাপ চা পরে।



আরতি পালিত দুর্গাপুর নিবাসী, উৎসব সদস্য ওদ্রা মুখার্জীর মা। উনি স্যাক্রামেন্টোতে এসে উৎসবের সাথে
পরিচিত হন।

Love

Sibaprasad Raychaudhuri

Respect may be to please,
love fails when you try to please.
Love is not to have the pleasure by pleasing someone;
love is the pleasure that pleases you.
Love is that smiley face, love are those innocent bright eyes.

Love is that smell of your hair,
which makes the Jasmine that sparkly white.
Love is that flower, the flowing brook,
that you want to see again and again.
Love is that spirit which appreciates your deep blue eyes.



Love is beyond where the sky meets the meadow!
Love is that charm, love is that poem
which you recite in your dreams.
Love is the pleasure that pleases me.

Sibaprasad Raychaudhuri, Professor, School of Medicine, University of California, Davis.



Vedanta Society OF SACRAMENTO

1337 Mission Ave., Carmichael, CA 95608, Phone: (916) 489-5137
Email: society@vedantasacto.org, website: www.vedantasacto.org

Swami Prapannananda: Minister and Teacher
Swami Ishadhyanananda: Assistant Minister

The Society was started in 1949 and made a branch of Ramakrishna Math, Belur Math, India, in 1952.

Activities at a Glance:

- Daily worship and group meditation in the chapel, and vesper service on Sundays.
- Sunday service, Wednesday evening classes on Vedanta scriptures, Saturday evening classes on the teachings of Sri Ramakrishna and Swami Vivekananda, and also interviews to students and spiritual aspirants.
- Several lectures outside the Society.
- Celebration of the birthdays of Sri Ramakrishna, Holy Mother Sri Sarada Devi and Swami Vivekananda, and also a few other festivals.
- Spiritual Retreats
- A library and a reading room and a bookshop.
- The Santodyan (Garden of Saints), a beautiful 4-acre retreat located behind the Society, is extensively used by the devotees.

Bookstore:

Our bookstore has a good selection of Vedanta, Ramakrishna, and Vivekananda literature; and books about the lives and teachings of saints in all major spiritual traditions. CDs and DVDs of classical music and spiritual topics are also available, as well as incense and burners, and a small selection of spiritual art objects.

Please visit our website to view the catalog of books.

Bookstore Timings: Tuesday: 11 a.m. to 2 p.m., Wednesday: 4:30 p.m. to 7:30 p.m., Thursday: 2 pm to 5 pm, Saturday: 12:00 to 2:00 p.m., Sunday: 12:00 to 2:00 pm.

Telephone: 916-489-2116; E-mail: vedantabookstore@zoho.com.

প্রবন্ধ

Articles



আমার বাবা

মঞ্জু রায়চৌধুরী

আজকে যার কথা বলতে সবচেয়ে বেশি ইচ্ছে হচ্ছে তিনি আমার বাবা। ১৯৭৫ এ তিনি পরলোকে গেছেন, আমার স্মৃতিতে একেবারে সমুজ্জ্বল। একটা ঘটনা বলি আমি দেখিনি, মায়ের কাছে শোনা। বাবা ডাক্তার হবার পর বসে না থেকে উড়িষ্যার তালচের নাম কোনো জায়গায় চাকরি নিয়ে যান, বোধহয় কোলিয়ারি ছিল। তিনি ওই আত্মীয় পরিজন ছাড়া দেশে বিশেষ একলা বোধ করতেন। একটি ক্লাব আবিষ্কার করে সেখানে যাতায়াত করতেন, সাইকেলে চড়ে। বাবার ঘরের কাজ করতো একটি বালক বললে হয়, তার নাম জিবছা। মার যাবার কোনো উপায় নেই, নিজের ছেলেরা ছিল, আবার হতে যাচ্ছিলো। বাড়িও গোছানো নয়, দ্বারভাঙ্গায় ঠাকুরদার বাড়িতে বেশ রাজসিক থাকা, অতএব! সে অন্য গল্প।

একদিন হলো কি, বাবা অনেক রাতে বাড়ি ফিরছেন, অনেক দূর থেকে দেখছেন দুটো হেডলাইটের আলো। ভাবছেন এতো রাতে কোনো লরি আসেনা। কি ব্যাপার? বেশি বলবো না, কাছাকাছি আস্তে আস্তে দেখলেন রাস্তায় কালভার্টের উপর মুখোমুখি বসে আছে দুটি ব্যাট্রপুঙ্গর! বাবা অসীম সাহসী লোক, তারও তখন সাহস চলে গেছে। পেছনে ফিরলে প্রাণ যায়, সামনে এগোলেও তাই। প্রাণপনে খুব স্পীডে সাইকেল চালিয়ে মাঝখান দিয়ে চলে গেলেন। ঘাড়ের ওপর কেউ লাফ দিয়ে পড়েনি, বিশ্বাস হচ্ছে না। শেষ পর্যন্ত বাড়ি পৌঁছেই সাইকেল আছড়ে ফেলে জিবছাকে গলা ধরে তুলে তার খাটিয়ায় শয়ন। সে বুঝেছিলো কিছু। পরের দিন সকালে অন্য ডাক্তার প্রতিবেশীদের খবর দেয়। তিনি প্রচণ্ড জ্বরে বেহুঁশ ছিলেন। এক সপ্তাহ কিছু বলতে পারেননি।

আমার মায়ের অবস্থা অনুমান করা যায়। বাবা সাড়ে তিন বছর বয়েসে মাতৃহারা। বড় হয়ে

দেখেছি তিনি সকালে রোজ বেরোবার আগে মায়ের ছবিতে পূজা-প্রণাম করতেন। মায়ের বিশ্বাস বাঘের মুখ থেকে তিনিই ছেলেকে বাঁচিয়েছেন। এর পরে আমার মা বলেছেন, তিনি তার শাশুড়িকে স্বপ্নে দেখেছেন। বাবা উড়িষ্যার চাকরি ছাড়লেন, ভারতীয় রেলতে চাকরি পেলেন, উত্তরপ্রদেশে এলেন এবং শেষ পর্যন্ত ছিলেন।

কলকাতায় বাবার স্কুলজীবন নিজের কাকার বাড়ী থেকে। তারপর মেডিকেল কলেজ, সেখানে থাকতেই বিয়ে। তখন ওটাই রেওয়াজ। এরপর ছুটি দ্বারভাঙ্গায়। তারও পরে চাকরি। কলকাতার ভালোবাসা কি যায়? বাবার শ্বশুরবাড়ী, মেয়ের বাড়ী, বাবার ছোটভাইয়ের বাড়ী। ইনি ছোট ঠাকুমার ছেলে। আরো আছে কম বয়েসের থিয়েটার দেখা। "চিরকুমার সভা" এতো ভালো লেগেছিলো (অবশ্যই গানগুলি), পরপর ৭ দিন দেখেছেন কলেজে থাকাকালে। চাকরি জীবনে বেশি উপায় নেই।

আমার কলেজ তখন বন্ধ ছিল, বাবাকে বললাম "অনেক দিন কলকাতা যাওয়া হয়নি।" বাবা বললেন, "চলো যাবে?" আধঘন্টার মধ্যে তৈরী। তারপর দেবাদুন এক্সপ্রেস বাবার ফেভারিট, ভোরবেলা হাওড়া পৌঁছবে। ট্যাক্সির লাইন নেই। আগে জানা থাকলে মামাবাড়ীর গাড়ী আসত ট্রেনে আমরা বেশ আড্ডায় জমে আছি। তখন কোন স্টেশন মনে নেই। বেশ গোপুলি বেলা। ট্রেন দাঁড়িয়ে আছে। একটু পরে খাওয়া যাবে। হঠাৎ এমন সময়ে দুটি যুবক রেল লাইনে ঘুরছিলো অনেকেই দেখেছে। একজন আমাদের কামরার জানালায় ঢোকবার চেষ্টা করছে, পাখির মতো করে পা ঢুকিয়ে। তখন জানলায় গরাদ থাকতো না। সবাই হ্যাঁ হ্যাঁ করে চেষ্টা করে উঠলে লোকটা ডাকছে অন্য একজনকে "কমরেড ইধর আজা" হিন্দিতে।

ওখানে একজন মহিলা অসুস্থ অবস্থায় মনে হয় শুয়ে ছিল। পায়ের কাছে জড়সড় ভদ্রলোক বসে আছে, ওর স্বামী হয়তো। তারও কিছু বলার শক্তি নেই। ততক্ষণে ট্রেন সিগন্যাল পেয়েছে, ছাড়বে। আমি স্তব্ধ বসে আছি। বাবা বললেন "ইয়ে কেয়া বততমীজি হ্যায় ?" তখন আবার ও কমরেড কে ডাকলো। বাবা স্থির হয়ে বললেন "আও কমরেড কে বচ্ছে। থোড়া চাখো।" বলে কিছু উত্তম-মধ্যম দেওয়ার ব্যবস্থা করে, কলার ধরাই ছিল। ট্রেন তখন চলতে শুরু করেছে। অতএব ওই ছোকরাকে বাইরে নিক্ষেপ করলেন। এরপর বেশ ঠাণ্ডা চেহারা দরজাটি বন্ধ করে এলেন। তারও পরে সাবান দিয়ে হাতটি ধুয়ে এলেন। ভাবখানা, খেতে বসতেও পারেন। একজন ভদ্রলোক বাংক থেকে নেমে এসে বললেন "বাঙালির বাহুতে এতো বল রয়েছে, আমার ভেবে আনন্দ হচ্ছে।" ওর কাছে বসে থাকা লোকটি হিন্দিতে ধন্যবাদ দিলেন। সত্যি সত্যি তিনি অতি সুমিষ্ট ভাবে গ্রহণ করলেন। আমি বাবাকে বলেছিলাম খাবার কথা। দুপুরে বেশি লেট করে ফিরলে লাঞ্ছন করতেন ১ গ্লাস ঘোলের শরবত। ভাত খেতেন না। সেদিনও তাই, খাওয়া হয়নি। বাড়ীর খাবার ছিল তাতে মাংস বেশী ঝোল কম, ক্যাটারার যা দেয় তাতে মাংস কম, ঝোল বেশী। তিনি অনায়াসে খেতে বসলেন এবং আমাকে বারবার নেবার জন্য বলতে লাগলেন যেন কিছুই হয়নি। এই আমার বাবা !!! তিনি অন্যায় সহ্য করতে পারতেন না। বাবার মাতৃবিয়োগ হলে ঠাকুর্দা দুর্বল হয়ে পড়েছিলেন। তার চার কন্যা এবং একটি পুত্র রেখে কাজ করা অসম্ভব হয়ে পড়ল। তিনি রাজপুতানার চাকরী ছেড়ে একবছর অপেক্ষা করে শেষে মনিরামপুর থেকে দ্বিতীয় বার বিয়ে করলেন - তার নাম 'পুষ্পলতা'। উনি বিমাতা ছিলেন না, সত্যিই মা হতে পেরেছিলেন। দাদুর মেয়েরা বেশ নাম মিলিয়ে বিদ্যুৎলতা, স্বর্ণলতা, হেমলতা, স্নেহলতা করে মোট ৭ টি লতা ছিলেন। তখন যে রান্না করে

খাওয়াতো সে "রসোইয়া।" রাজপুতানা থেকে এলেও সে নেপালী এবং রসিক। আমি দেখেছি তাকে। বাবার কাছে আসতেন বৃদ্ধ বয়সে। বাবাকে খোকা বলে ডাকতেন, বাবা নিজের টেবিলে বসিয়ে খাওয়াতেন। বাবার ছেলেবেলায় ভুলিয়ে রাখতে নানা গল্পো আছে। সত্যিই হয়তো বেশি বাজার হয়নি। ছোটদের শেখাচ্ছে, "তোরা ডাকাডাকি করবি খাবার দিতে, কি এতো রান্না করছো?" আমি তখন বলবো "বয়গন কি কোফতা অউর ঠান্ডি পোলাও।" সেটা কি বুঝলি না? বেগুনপোড়া আর পান্তা ভাত। দাদুর মেয়েরা সবাই 'লতা', ছোটটি 'বনলতা'। এবার রসোইয়া বললেন ঘরপোছা লতা। হিন্দি শব্দ বুঝলিনা? বাবা রাসোইয়ার ছেলেকে শিক্ষিত করেছিলেন, কম্পউটার হয়েছিল। তার ছেলে আবার 'মিডল ইস্ট' এ চলে যায়। তার শেষ খবর আমরা কেউ জানি না। বাবা নিজে একটি 'সেলফ-মেড-ম্যান', ছাত্র ভালো ছিলেন। ম্যাট্রিক পাস করার সময় বিশ্ববিদ্যালয়ে ভূগোলে সর্বোচ্চ মার্ক্স পেয়ে একটি স্বর্ণ পদক পান। আমার সযত্নে রাখলেও, চাবি নিয়ে আলমারী খুলে কেও সেটি সরিয়ে ফেলে। বাবার পুরস্কার আমাদের কাছে অমূল্য ছিল, সোনা দিয়ে না। বাবার জন্য কোনো টিউটর লাগেনি কোনদিন। নিজের খেয়ালে যা মনে হতো করে ফেলতেন। একবার ক্লাব থেকে বাবুর্চি কে নিয়ে এলেন আমাদের বিদেশী রান্না শেখাবে। সপ্তাহে একদিন আসতে লাগলো। ব্রেড রোল, ফিশ মেয়োনিজ, ইংলিশ মটন রোস্ট। মাঝখান থেকে আমরা সুপ ইত্যাদি যোগ করে ভালোভালো খাই সেদিন। নটেগাছটি মুড়োতে সময় লাগেনি। আমি কলকাতা এলাম বিয়ের পর। সেখানে বয়স্করা মাংস খেতেন না, মাছ অবশ্য রোজ হতো। কোন বাবুর্চির (১৯৫১ সালে) বাড়ীতে আসার প্রশ্নই ওঠেনা। সেইসব ওভেন ও নেই, চিকেন ঢুকতেনা। গ্যাস আসবার পর অনেক কিছু করেছে।

আরেকটা খেয়ালের গল্প বলছি। এখন যেমন পমফ্রেট মাছ পাওয়া যায়, তখন যেত না। বোম্বে মেইল ট্রেনটিতে পাওয়া যেত ডাইনিং কার এ। আমার মনে পরে তাকে বলা হতো বোম্বে ডাক। স্টেশন পর্যন্ত রোজই বেড়াতেন, ইটা কাশীর কথা। বেয়ারাদের জানাছিল, আমার বাবার চায়, ওরা রেখে দিতো। এখন কলকাতায় আর এখানেও পমফ্রেট ছড়াছড়ি। দাম যাই হোক। এই বেয়ারা জি এফ কেলনার এর, তারা আদিকালের লোক, যাত্রীদের খাবার ক্যাটার করতো। এখন উঠে গেছে।

আমার বাবা নিজে নিষ্ঠাবান হিন্দু হলেও অন্য কোনো ধর্মে বিদ্বেষ করতেন না। সকলের সঙ্গে মেলামেশা, খাওয়া দাওয়া করতেন চিকিৎসা ছাড়াও। তিনি নিজে সুপুরুষ ছিলেন এবং হাসিখুশিও। বাবা হিন্দি আর উর্দু বলতে পারতেন স্বচ্ছন্দে। একটুও লিখতে শেখেননি। দ্বারভাঙ্গায় যাতায়াতের কারণে মৈথিলী বলতেন অতি শুদ্ধ ভাবে। অনেকে হয়তো জানেন এই ভাষায় রচিত বিদ্যাপতির কথা। বাবার হয়ে বলতেন গোলে এটুকু বলতে পারি সত্যতার প্রতিমূর্তির প্রতীক তিনি। উচ্চশিক্ষার জন্য লন্ডনে যাবার ইচ্ছা সত্ত্বেও যেতে পারেননি। সংসারে জড়িয়ে গিয়ে। তারও আকার ছোট নয়, নিজের পুত্র কন্যা ছাড়া বেকার ভাই, ঠাকুরদার বৃদ্ধাবস্থার

পরিচর্যা, এইসব বাধা হয়ে দাঁড়ালো। ডাক্তারি যত উন্নত হয়েছে বাবার পড়াশোনা চলেছে। সরকারি বেতন ছাড়া আয় নেই। ওই হাসপাতালে রেলওয়ে কর্মচারীরা ফ্রী চিকিৎসা পায়। তার পরিচিত কিছু লোক কল দিলে টাকা দিতো, সে সামান্যই। আমার মনে পড়ে হাসপাতালে চক্ষু পরীক্ষা চলছে, বাবা খেতে এলেন না। যারা লাল সবুজ দেখতে পায়না তারা টাকা খাইয়ে পাস। এখানে সেটি চলবে না। সিগনালের বাবু ফেল, ডাক্তারবাবুও ফেল। নিজের বাড়ী হলোনা।

আমার ঠাকুরদা ভাগলপুর (বিহারে) একটি বাগান সমেত বাড়ী করেছিলেন। অবসর নিয়ে বাবা সেখানে আড্ডা গাড়লেন। দাদু ইতিমধ্যে কাশীতে চলে গেছেন। বাবা পৈতৃক বাড়ীতে শেষ পর্যন্ত ছিলেন। একদিন প্রাতঃকালে মায়ের সঙ্গে বসে চা খেয়ে বিনা কষ্টে ইহলোক ত্যাগ করলেন। সেদিন রথযাত্রা ছিল। অনেকে বললো জগন্নাথ হাত ধরে নিজের রথে তুলে নিয়ে গেলেন।

শারদীয়া শুভেচ্ছা রইলো। সকলের মঙ্গল হোক।

মঞ্জু রায়চৌধুরী, অশীতিপর, গ্র্যানাইট বে - তে অবসর জীবন যাপন করছেন। বাংলা ভাষা, রবীন্দ্র-সাহিত্য ও সংগীতের প্রতি তার আনুগত্য তাঁকে লেখালেখি ও পড়াশোনায় ব্যস্ত রাখে।

ভায়রা- ভাই

গৌতম সরকার

একই সাথে কান ধরে বেঞ্চের উপর দাঁড়ানো, বা ক্লাসরুমের বাইরে নীলডাউন হবার পর স্কুলের বন্ধুরা যখন হয় ভায়রাভাই!

ধ্রুবর সাথে আলাপ সেই ৭০-এর দশকের শেষার্ধ্বে থেকে, যখন আমরা একসাথে বালিগঞ্জ গভর্নমেন্ট হাই স্কুলের ক্লাস ওয়ান এ ভর্তি হলাম। স্কুলে যাতায়াত করতাম স্কুলের বাসে। বালিগঞ্জের বাড়ি থেকে কয়েক পা হাঁটলেই গোলপার্ক, আর সেখান থেকেই স্কুলের বাসে ওঠা-নামা। ভোরবেলা তো মা ভালোয় ভালোয় বাসে উঠিয়ে দিতেন। কিন্তু ফেরার সময়? যদি ঠিক স্কুল বাসে না উঠি, বা বাস থেকে ভুল জায়গায় নেমে পড়ি, তাহলে? তাতেই মায়ের চিন্তার শেষ ছিল না। মা মোটেই রাজি ছিলেন না যে আমি এতো দূরে কোথাও স্কুলে যাই (আসলে কিন্তু হেঁটেই যাওয়া যায়!)। বাড়ির কাছেই তো জগবন্ধু (জগদ্বন্ধু), আর তা না হলে আর দু পা এগোলেই পাঠভবন বা সাউথ পয়েন্ট, তা হলে? কিন্তু বাবা-কাকারা নাছোড়বান্দা। এই স্কুল থেকে নাকি প্রত্যেক বছরই স্কুল-ফাইনালে 'স্ট্যান্ড' করে, কোনো কোনো বছর নাকি ফাস্ট-সেকেন্ড-থার্ড সব একই সাথে। তা ছাড়া কে নাকি একজন সত্যজিৎ রায় এই স্কুলেরই ছাত্র ছিলেন। অগত্যা মায়ের বারণ ধোপে টিকলো না।

মা তাই রোজ পাখি পড়ানোর মতো করে আমাকে স্কুলবাসে ওঠার আগে বলে দিতেন যে "স্কুল ফেরত ওই যখন গোলপার্কের বিবেকানন্দের মাথা দেখতে পাবে, জানবে তখনই বাস থেকে নামতে হবে"। আমার কি ছাই আর অত মনে থাকে, যে কখন বিবেকানন্দের মাথা দেখতে হবে? কিন্তু হুসেনদার (ড্রাইভার) স্কুলবাসে আরো একজন থাকতেন, যার কাজই ছিল আমাদের ঠিকঠাক নামিয়ে দেওয়া। বয়সে হয়তো তিনি আমার বাবার চেয়েও বড়, কিন্তু সবাই তাকে বলতো 'ধ্রুবদা'। ভোরবেলা মায়ের কথা তাই আর তেমন গায়ে মাখতাম না, জানতাম যে আমি ভুলে গেলেও ধ্রুবদা ঠিক জায়গায় নামিয়ে দেবেন। এরই সাথে আর একটা জিনিস নজরে এল, আমাদের ক্লাসের

ওই কালো করে ছেলেটা; যে ওই পার্ক-সার্কাসের মাঠের দিকটায় স্কুলবাসে নাম ওঠা করে, ওর নামও তো ধ্রুব।

তারপর কোথা দিয়ে সময় চলে গেলো। মর্নিং-সেকশন, 'মুনমুন সেন' পাড়ি দিয়ে আমরা পাড়ি জমালাম ডে-সেকশনে। বেশ বন্ধুত্ব হয়েছে ততদিনে ধ্রুবর সাথে। একবার একটা কথা শুনে কেমন যেন অদ্ভুত মনে হলো ছেলেটাকে; ও নাকি বড় হয়ে ইন্ডিয়ান ক্রিকেট টিমের ক্যাপ্টেন হতে চায়। এ কেমন কথা? আমি তো জানতাম বড় হয়ে ডাক্তার বা ইঞ্জিনিয়ার হতে হয়।

এর মধ্যেই মা পাড়ি দিলেন অন্য এক জগতে। সব কিছুই কেমন ওলট-পালট হয়ে গেলো, পৃথিবীটাই কেমন যেন ফ্যাকাশে, বিশ্বাদ আর পানসে হয়ে গেলো। এইসবের মধ্যেও ধ্রুবর উপস্থিতি ছিল বিশেষ ভাবে।

ক্লাস সেভেন থেকে আর স্কুলবাসে যাতায়াত করা যায় না। অগত্যা পাবলিক-বাস। কিন্তু কিছুদিনের মধ্যেই ডানা গজালো আমাদের। স্কুল ফেরত পাবলিক বাসের বদলে যদি হেঁটে যাওয়া যায় খানিকটা পথ, বা পুরোটা; তাহলে? তাহলে তো ক্লাসের আড্ডাটা আরও একটু বাড়ানো যায়, নয় কি? তেমনই হলো। স্কুল থেকে বালিগঞ্জ সার্কুলার রোড ধরে হেঁটে, সুচিত্রা সেন - মুনমুন সেনদের বাড়ি পেড়িয়ে বালিগঞ্জ সাইন্স কলেজ ছাড়িয়ে সোজা বালিগঞ্জ ফাঁড়ী। সেখান থেকে ধ্রুব বাসে যেত পার্ক-সার্কাসের দিকে, আর আমি একটু হেঁটে উল্টোমুখে গড়িয়াহাট-গোলপার্কের দিকে। সাথে আরও কয়েকজন থাকতো, সুমন্ত (চন্দ্রবর্তী), চন্দ্র (চন্দ্রনাথ রায়চৌধুরী), হোজো (জ্যোতির্ময় দত্ত), ইন্দ্র (ইন্দ্রনীল চ্যাটার্জী), কল্লোল (রায়) এরা। মাঝেমাঝে যোগ দিত প্রমিত (মুখার্জী), বা গৌরাঙ্গরা (চ্যাটার্জী)। মাঝপথে সপ্তপর্ণীতে সুমন্তর বাড়িতে আড্ডা হতো অনেক সময়। এই সময় ধ্রুবর সাথে বন্ধুত্ব। এখন থেকে আর শুধু স্কুল আর স্কুল ফেরত রাস্তায় নয়, একে অপরের বাড়িতেও যাতায়াত শুরু হলো, আড্ডাও বাড়লো। ধ্রুবর

বাড়িতে গেলে কাকু-কাকিমা (ধ্রুবর মা-বাবা) খুশি হতেন, বিশেষতঃ কাকিমা। মনে হতো যে কিছুক্ষনের জন্য হলেও, উনি আমার মায়ের অভাবটা কোনো না কোনো ভাবে পুষিয়ে দিতে চান।

একই সাথে জুটি বেঁধে আমি আর ধ্রুব জিতেছিলাম আমাদের স্কুলের বাৎসরিক ক্যারাম-চ্যাম্পিয়নশিপ, আমাদের ক্লাস ৯ এ, এমনকি স্কুলের ১০, ১১ বা ১২ এর বড় বড় দাদাদেরও হারিয়ে দিয়ে।

মাধ্যমিক এলো, গেলো। তেমন কিছুই টের পেলাম না। শুনেছিলাম আমাদের স্কুলের ফেল করা ছেলেও নাকি মাধ্যমিকে ফাস্ট ডিভিশন পায়, ঠিক তেমনটাই হলো, সেটাই দেখলাম। উচ্চমাধ্যমিক এলো। সবার মধ্যেই আই আই টি. আর জয়েন্ট এন্ট্রান্স-পরীক্ষায় বসার হিড়িক পড়ে গেলো, ডাক্তার, ইঞ্জিনিয়ার হবার বাসনায়। ধ্রুবর মধ্যে এই ব্যাপারে তেমন কোনো হেলদোল দেখলাম না. ও বোধহয় বেশি ব্যস্ত ছিল ইন্ডিয়ান ক্রিকেট টিমের সাফল্য কামনায়।

ওই সময় নাগাদ ধ্রুব মাঝেসাঝেই নর্থ-বেঙ্গলে ওর কাকাদের বাড়িতে বেড়াতে যেত স্কুলের ছুটিতে, ফিরে এসে আমাকে ওদিককার গল্প শোনাতো; ওদিককার মানুষরা নাকি অন্য রকম, এদিককার থেকে ভালো। ওখানে নাকি অমুক বাড়ির তমুক কাকিমা তমুক বাড়ির তমুক মামিমার বাড়ি বেড়াতে গিয়ে নির্বিকার ভাবে কুটনো কেটে বা বাটনা বেটে গল্পগুজব সেরে দিব্যি নিজের বাড়ি ফেরত আসেন। আমারও আর কলকাতায় মন টিকছিল না। বাইরে কোথাও যাবো সেটাই মনে মনে ঠিক করলাম। কিন্তু আমার মনে তখন নর্থ-বেঙ্গল নয়, শুধুই আমেরিকা।

কিন্তু মুখ ফুটে বাড়ির কাউকে সে কথা বলার সাহস পেলাম না, ছোট মুখে বড় কথা, বামন হয়ে চাঁদ ধরা - এইসব শোনার ভয়ে। বাড়িতে লুকিয়ে লুকিয়েই শুরু করলাম মার্কিন ইউনিভার্সিটিগুলোতে এপ্লাই করা, আর SAT-TOEFL পরীক্ষার প্রস্তুতি। কিন্তু এইসব করতে টাকা লাগে যে। তা পাবো কোথায়? কয়েকটা প্রাইভেট টিউটরিং শুরু করলাম। কিন্তু তা যথেষ্ট নয়। এতো কথা পেটে চেপে রাখতে পারছিলাম না। বলেই ফেললাম দুই-একজনকে। ধ্রুব তাদের একজনা শুনে ও অবাক হলো না খুশি

হলো তা ঠিক বুঝতে পারলাম না। ও শুধু জিজ্ঞেস করলো যে কত টাকা লাগবে আমার, ওই পরীক্ষা দুটোয় বসতে?

দিন কয়েক বাদে দেখি ও সকাল সকাল এসে হাজির আমার কাছে। এই সময়েতো তো ও এমনিতে আসে না। বললাম কি রে, কি ব্যাপার, এতো সকাল সকাল? দেখি ও ওর পকেট থেকে টাকা বার করছে। বললো "নে এই টাকা কটা রাখ, দেখছি আর কি করা যায় তোর ঐ SAT-TOEFL-এর জন্য।" এবারেও 'পরিদ্রাতা ধ্রুব', শুধু 'দা' - টা বাদে।

৩০০ টাকা। ওই সময় আমার কাছে অনেক। হিসাব করে দেখলাম যে এতে আমার TOEFL-এর ফী হয়ে যাবে। আর আমার টিউটরিং থেকে SAT-এর ফী। কেবল ফতে। বন্ধুর বাড়ি পড়তে যাচ্ছি - এই মিথ্যা ফেঁদে বাড়ি থেকে পালিয়ে পরীক্ষা দুটো দিলাম, পাল্লা দিয়ে চাললাম এপ্লিকেশন করা। ক্রমে বাড়িতে জানাতে বাধ্য হলাম। আমেরিকা থেকে চিঠি-পত্র আসতে লাগলো বাড়িতে, যে না জানিয়ে আর উপায় ছিল না। তারপর একদিন এলো সেই বহু আকাঙ্ক্ষিত চিঠিটা - একসেপ্টেম্ব লেটার, উইথ স্কলারশিপ।

ধ্রুব এমনই একদিন দেখা করতে এসেছিলো (তখন আমাদের বাড়িতে ফোন ছিল না।) ওকে জানালাম। শুনে আমাদের শোয়ার ঘরটার মধ্যেই ও বার কয়েক লাফালো, তারপর জড়িয়ে ধরে, চুমু খেয়ে, একেবারে একাকার কাভ। আমার দেশ ছাড়ার দিনও ও এসেছিলো, দমদম-এয়ারপোর্ট পর্যন্ত। সেদিন আর কোনো লক্ষ-বম্প ছিল না। বিদায় জানানোর সময় শুধু দেখলাম যে ওর চোখের কোণ থেকে ঝরে পড়লো কয়েক দানা মুক্ত। আমিও মুখ লুকিয়ে হাঁটা দিলাম এমিগ্রেশন অফিসের দিকে।

এরপর আটলান্টিক আর প্যাসিফিক ছাড়াও আমাদের আলাদা করে প্রায় বারো ঘন্টার 'টাইম-ডিফারেন্স', আমাদের দৈনন্দিন জীবনের রুটিন আর আমাদের সামগ্রিক জীবনধারার তফাৎ, প্রায় বছর ২৫ যাবত। তারই মাঝে যতবার ভারতে এসেছি, ওর সান্নিধ্য পেয়েছি খুব কাছ থেকে, কলকাতায়, মুর্শিদাবাদে, শিলিগুড়িতে। ও ঠিক মনে রাখে যে আমি কোন ধরনের গল্পের বই পড়তে বা গান শুনতে ভালোবাসি, তাই আগাম কিনে বা জোগাড় করে রাখে সেগুলো আমার জন্য। এগুলোর অনেক

কিছুই আমেরিকাতেও পাওয়া যায়, কিন্তু ওর কাছ থেকে পেতেই আমার বেশি ভালো লাগে, গল্পের স্বাদ বেড়ে যায়, গানগুলো যেন আরো বেশি শ্রুতিমধুর লাগে। ওর ধারণা যে ওর দীর্ঘদিন যাবত আমেরিকা-বাসী বন্ধু বোধহয় আর ভারতীয় বিধি-ব্যবস্থায় ততটা সড়গড় নয়, তাই দেখা করার সময়ও আগলে রাখে আমাকে (অনেকটা আমার দাদার মতন, দাদার কথা পরে লিখব।) আমাকে ওর কাছে যেতে হতো না, ওই আসে আমার সাথে দেখা করতে, যখন, যেখানে, যেমন ভাবে সম্ভব। একসাথে কোথাও যাওয়ার থাকলে ওই এসে আমাকে নিয়ে যায়, ট্রাম, বাস, ট্যাক্সি বা ট্রেন-ভাড়া দিয়ে। এমনও হয়েছে যে আমি ওর বাড়ি থেকে গেছি আমার 'মুর্শিদাবাদের' দেশের বাড়িতে, কিন্তু ট্রেনের টিকিটটা পয়সা খরচ করে কেটে আমাকে ট্রেনে উঠিয়ে দিয়েছে ওই, ট্রেন ছাড়া পর্যন্ত আমার জানলার পাশে প্লাটফর্মেরে ঠাই দাঁড়িয়ে থেকে।

এই সূত্রেই সম্প্রতি সম্ভব হলো ওর শালীর সাথে আমার বিয়ে; কারণ আমেরিকা থেকে আমি যখন কলকাতায় এসেছিলাম, তখন হঠাৎ করে প্রব ওর কর্মস্থল শিলিগুড়িতে আমাকে ওর কাছে বেড়াতে না নিয়ে এলে হয়তো এমনটা হওয়ার কোনো সম্ভাবনাই ছিল না। এই প্রসঙ্গে একটা মজার ব্যাপার মনে পড়ে। আমরা যখন ক্লাস সেভেন বা এইটে পড়ি, প্রব তখন একাই একদিন এক অদ্ভুত সমীক্ষা চালিয়েছিল, আমাদের ২০ মিনিটের টিফিন-ব্রেকটার মধ্যেই। সেইদিন ও আমাদের ঘনিষ্ঠ বন্ধু বান্ধবদের একক আর আলাদা ভাবে জিগ্যেস করেছিল যে সুযোগ হলে আমরা অন্য কোনো ক্লাসমেটের

সাথে একসাথে থাকতে চাইবো কিনা, রুমমেট বা একিই পরিবারের সদস্য হিসাবে। যে কোনো দুই বন্ধুর ইচ্ছা আর উত্তর মিলেমিশে এক হয়ে যায় কিনা সেটা জেনে নেওয়াই ছিল ওর উদ্দেশ্য। এমনটা যা বাস্তবে সম্ভব, তা কিন্তু ভেবেছিলো ওই ছোট প্রবই। এই প্রসঙ্গে জানিয়ে রাখা ভালো যে সেদিন আমার সাথে যার উত্তর মিলে গিয়েছিলো, সে প্রব নয়, তপদেব (চক্রবর্তী), যে কিনা আজ বহুদিন যাবত ইংল্যান্ডবাসী।

বন্ধু তো ও ছিলই, বরাবরই। প্রব এখন আমার ভাইরাভাইও বটে। আমি ভাগ্যবান। এ ছাড়া আর কী বা বলতে পারি? আমরা একই পরিবারের সদস্য, সেটাই বা আর আশ্চর্য কি? বিয়ে উপলক্ষে প্রবকে বেশ কয়েকদিন একসাথে খুব কাছে পেলাম। ওর শালীর সাথে ওর বন্ধুর বিয়েতে ওর ছোটো-ছোট, দৌড়-ঝাঁপের কোনো অন্ত ছিল না। বিয়ে করতে কলকাতা থেকে আমি যখন সপরিবারে শিলিগুড়ি এসে পৌঁছলাম, তখন নিউ জলপাইগুড়ি স্টেশনে আমাদের নিতে এসেছিলো প্রব। বিয়ের লগ্নে ফুল দিয়ে সাজানো গাড়িতেও আমাকে নিয়ে যেতে এসেছিলো ওই। ওর শোয়ার ঘরে, ওর বিছানায় বাসর-রাত কাটলাম - বৌ সাথে থাকলেও মনের অনেকটা জায়গা জুড়ে ছিল শুধুই প্রব। মনে হলো যে বিগত ২৫ বছর কখন যেন তলিয়ে গেছে ওই আটলান্টিক বা প্যাসিফিকের কোন এক অতল গহ্বরে।

পুনশ্চ: - প্রব এখন পশ্চিমবঙ্গ সরকারের মন্ত অফিসার। সরকারি কাজেই সম্প্রতি ঘুরে গেছে অক্সফোর্ড ইউনিভার্সিটি থেকে।

গৌতম সরকার ওয়েস্ট ভার্জিনিয়া নিবাসী ও ড্রমনলিপ্সু।

বাঙালীখানা

রশ্মি নন্দী

"হোয়াট ডু ইউ কল দোস রাউন্ড স্টাফ লাইক ডোনাটস বাট হ্যাভ এয়ার পকেটস ইনসাইড এন্ড ডিপ ফ্রাইড?" ক্যারির প্রশ্ন শুনে কয়েক মুহূর্ত লাগল বুঝতে, তারপর ওকে বললাম - ওহ - ওটাকে বলে লুচি। ইয়েস, লুছি, লুছি, করতে করতে মাথা নেড়ে চলে গেলো, একটু পরে ফিরে এসে বলে "আই ওয়ান্ট টু ইট দ্যাট", প্রতিশ্রুতি দিলাম ওকে লুচি বানিয়ে খাওয়ানো। ভীষণ আনন্দ করে লুচি মাংস খেয়ে বিরাট একটা টেকুর তুলে সহকর্মী ক্যারি ফিরে গেলো কাজে লাঞ্চের পর। এই প্রথম অভিজ্ঞতা হলো আমার একজন আমেরিকানকে বাঙালি রান্না খাওয়ানোর। তার মাস খানেক পর ক্যারির বেবি শাওয়ারে ক্যারির আদারে ফের লুচি বানাতে হলো। সে ঘটনা প্রায় কুড়ি-বাইশ বছর আগেকার। আর একজন ছিল গ্লেন, আমার কর্তা সোমেনের সহকর্মী, অকৃতদার, ভিগান গ্লেন প্রায়ই কাজের পর চলে আসত আমাদের বাড়ি, হয়তো কিছুই নেই সেদিন ওকে খেতে দেবার মতো, কিন্তু গ্লেনের কুছ পরোয়া নেই - গিভ মি সাম ডল-ভট। অর্থাৎ ডাল-ভাত। সঙ্গে যদি আলু সন্ধ করে দেওয়া হতো তো সে ভুরিভোজ গ্লেনের কাছে, ম্যাসড পট্যাটো উইথ ডল-ভট বলে দারুণ তৃপ্তি করে খেত।

শুনেছি যাঁরা ৬০-৭০ এর দশকে এসেছেন আমেরিকাতে, তাঁদেরকে অনেক দূর দূরান্তের ভারতীয় দোকান থেকে চাল, ডাল, মশলাপাতি মেল অর্ডার করে আনাতে হতো অথবা ক্যালিফোর্নিয়ার বাসিন্দারা লস এঞ্জেলস বা বার্কলি গেলে অনেক পরিমাণে কিনে এনে বাড়ীতে রাখতেন। আজ আমাদের এই স্যাক্রামেন্টো শহরে এদিকে সেদিকে প্রচুর দেশী দোকানে মায় পটল থেকে ইলিশ মাছ অর্থাৎ কি না পাওয়া যাচ্ছে, তবে হয়তো বেশির ভাগই ফ্রোজেন।

একবার আমার ছেলেরা গরমের ছুটিতে ব্রিটিশ সকার ক্যাম্পে নাম লেখালো, ব্রিটেন থেকে কোচরা ক্যালিফোর্নিয়া এসে নানা শহরে ঘুরে ঘুরে ট্রেনিং দেবে বাচ্চাদের এবং বাবা মায়ের কাছে

কর্তৃপক্ষের অনুরোধ এক একজন কোচকে এক সপ্তাহ করে এক এক বাড়ীতে রাখার দায়িত্ব নিতে হবে। আমাদের বাড়িতে রইলো কোচ মার্ক, কলেজ পড়ুয়া ছেলে সামার জব করে পয়সা উপার্জন। খুব আমুদে ছেলে মার্ক, নানা রকম গল্প করতো আমাদের সঙ্গে, সকাল বেলা ব্রেকফাস্ট খেয়ে বেরিয়ে যেত, ফিরত সন্ধ্যাবেলা, তারপর আমরা একসঙ্গে সবাই ডিনার করতাম। তো একদিন হলো পিৎজা, একদিন হলো বার-বি-কিউ, একদিন চাইনিজ খাবার আনানো হলো, তো একদিন বেকড ক্যাসারোল করলাম, কিন্তু তারপর আমার আর মাথায় কুলোচ্ছে না কি খেতে দেবো ... শেষে মুরগির ঝোল আর ভাত রেঁধে দুশ্চিন্তা নিয়ে খেতে দিলাম - কি জানি বাবা খেতে পারবে কিনা ! ডিনার টেবিলে মার্ক মাংস ভাত দেখে অতি আপ্লুত - তুমি এতদিন আমায় চিকেন এন্ড রাইস দাওনি কেন? আমার সবচেয়ে প্রিয় খাবার! সত্যি খুব আপসোস হচ্ছিলো আমার সেদিন - ইংল্যান্ডের খোদ সাহেব নাকি চিকেন টিক্কা মাসালা ও রাইস দিয়ে সপ্তাহে দু দিন ডিনার করে!!!

